রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

প্রজ্ঞাপন

তারিখ : ১১ অগ্রাহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/২৬ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ৩২৪-আইন/২০২০।**—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৮৮ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (ছ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (জ) এবং (ঝ) সংযোজিত হইবে, যথা:—

"(জ) "আমানত সুরক্ষা তহবিল" অর্থ সমবায় সমিতিসমূহে আমানতকারীগণ কর্তৃক প্রদত্ত আমানতের সুরক্ষার জন্য নিবন্ধক ও সমিতির যৌথ স্বাক্ষরে পরিচালিত তহবিল;

(ঝ) "সমিতি" অর্থ আইনের ধারা ২ এর দফা (২০) এ উল্লিখিত সমবায় সমিতি।";

(২) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (২৯) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (৩০), (৩১), (৩২), (৩৩), (৩৪) এবং (৩৫) সংযোজিত হইবে, যথা:—

"(৩০) "উৎপাদনমুখী সমবায় সমিতি", যাহার সদস্যগণ উৎপাদনমুখী কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে সমবেত প্রচেষ্টায় বৈধ উপায়ে কোনো ভোগ্যপণ্য এবং সেবাপণ্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে সদস্যদের জীবনমানের উন্নয়ন;


মূল্য : টাকা ৮.০০

(৩১) "ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি", যাহার সদস্যগণ ক্ষুদ্র ব্যবসায়ী হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে ক্ষুদ্র বা স্বল্প পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং সদস্যদের জীবনমানের উন্নয়ন;

(৩২) "পেশাজীবী সমবায় সমিতি", যাহার সদস্যগণ পেশাজীবী হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে স্ব স্ব পেশায় জীবিকা নির্বাহ করিয়া সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;

(৩৩) "ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি", যাহার সদস্যগণ ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সম্প্রদায়ের সদস্য হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সম্প্রদায়ের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;

(৩৪) "প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি", যাহার সদস্যগণ পণ্য প্রক্রিয়াজাতকরণ কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে পণ্য প্রক্রিয়াজাতকরণ কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; এবং

(৩৫) "পর্যটন শিল্প সমবায় সমিতি", যাহার সদস্যগণ পর্যটন শিল্প সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে পর্যটন শিল্প সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।";

(৩) বিধি ৫ এর উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৭) সংযোজিত হইবে, যথা:—

"(৭) নিবন্ধনের পূর্বে প্রত্যেক সমবায় সমিতির উদ্যোক্তা সদস্যবৃন্দ আবশ্যিকভাবে সমবায় সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করিবেন।";

(৪) বিধি ১২ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(৫) বিধি ১৩ বিলুপ্ত হইবে;

(৬) বিধি ১৪ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) উপ-বিধি (৪) এর শর্তাংশের বিধানকে ক্ষুণ্ন না করিয়া, এই বিধির অধীন—

(ক) সার্টিফিকেট অব পোস্টিং অথবা রেজিস্ট্রি ডাকযোগে, বা

(খ) রেজিস্টারে প্রাপ্তি স্বাক্ষর গ্রহণের মাধ্যমে, বা

(গ) ডিজিটাল পদ্ধতি বা ই-মেইলের মাধ্যমে, বা

(ঘ) স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে,

নোটিশ জারি করা যাইবে এবং উক্তরূপ যে কোন দুইটি পদ্ধতিতে নোটিশ জারি করা সত্ত্বেও কোন সদস্য নোটিশ প্রাপ্ত না হইলে তাহার অনুপস্থিতির কারণে কোন সভার কার্যক্রম অবৈধ হইবে না।";

(৭) বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, এইরূপ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে নিবন্ধকের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।";

(৮) বিধি ১৮ এর শর্তাংশের প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"আরও শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির বাজেট অনুমোদন প্রক্রিয়ায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট উপ-পরিচালকের সুপারিশ বা মতামত প্রদানের সুযোগ থাকিবে।";

(৯) বিধি ২১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২১। **বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন।**— (১) সমিতির সদস্য সংখ্যা যাহাই হউক না কেন, ভোটের ক্ষেত্রে বিদ্যমান সদস্যদের উপস্থিতিতে ১ (এক) সদস্য ১ (এক) ভোট নীতিতে সরাসরি ভোটের মাধ্যমে, বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, ভোট প্রদানের ক্ষেত্রে প্রতিনিধিত্বমূলক ভোট গ্রহণযোগ্য হইবে না।";

(১০) বিধি ২২ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "দুই" শব্দটির পরিবর্তে "৩ (তিন)" সংখ্যা, শব্দ ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২৫ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) কেন্দ্রীয় ও জাতীয় সমবায় সমিতির নির্বাচনে নির্বাচনি এলাকা নির্ধারণ করিবার ক্ষেত্রে—

(ক) প্রশাসনিক বিভাগ, জেলা বা উপজেলা নির্বিশেষে নির্বাচনযোগ্য সদস্য সংখ্যার ভিত্তিতে এবং ভোটার সংখ্যার, যতদূর সম্ভব, সমানুপাত বিবেচনাক্রমে সমগ্র দেশকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাচনি এলাকায় বিভক্ত করা যাইবে;

(খ) দফা (ক) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রয়োজনে, কোন প্রশাসনিক বিভাগ, জেলা বা উপজেলার কোন অংশ সমন্বয়ে কোন নূতন বিভাগ, জেলা বা উপজেলা সৃজিত হইলে উক্ত নবসৃজিত বিভাগ, জেলা বা উপজেলার কোন এলাকাকে, ভোটার সংখ্যার, যতদূর সম্ভব, সমানুপাত বিবেচনাক্রমে, উপযুক্ত কোন নির্বাচনি এলাকার সহিত সংযুক্ত করা যাইবে।";

(১২) বিধি ২৬ এর উপ-বিধি (১)—

(ক) এ উল্লিখিত "৪৫ (পঁয়তাল্লিশ)" সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলির পরিবর্তে "৫০ (পঞ্চাশ)" সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রয়োজনে, মতামত ও সুপারিশ প্রদান করিতে পারিবেন।";

(১৩) বিধি ৩০ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত "বিরোধ সৃষ্টি হইলে" শব্দগুলির পর "সংক্ষুব্ধ ব্যক্তি নিবন্ধকের নিকট বিধি মোতাবেক আপিল দায়ের করিতে পারিবেন এবং উক্ত ক্ষেত্রে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(১৪) বিধি ৪৪—

(ক) এ উল্লিখিত "বিদ্যমান সদস্য" শব্দগুলির পরিবর্তে "মোট সদস্য" শব্দগুলি এবং "এক দ্বিতীয়াংশ" শব্দগুলির পরিবর্তে "অর্ধাংশ" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, ৯ (নয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির ক্ষেত্রে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে এবং যে সকল সমবায় সমিতিতে সরকার কর্তৃক মনোনীত সদস্য রহিয়াছে, সেই সকল সমিতির ক্ষেত্রে আবশ্যিকভাবে সরকার কর্তৃক মনোনীত সদস্যের অন্যূন ৫০ (পঞ্চাশ) শতাংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।";

(১৫) বিধি ৪৬ এর উপ-বিধি (৩) এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ বা গ্যারান্টি রহিয়াছে সেই সকল সমবায় সমিতির নিয়োগ কমিটি, চাকরি বিধি ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা নিবন্ধক কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উক্ত নিয়োগ কমিটিতে সরকার ও নিবন্ধকের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকিবে:

আরও শর্ত থাকে যে, উপজেলা বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি কর্তৃক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করিতে হইবে।";

(১৬) বিধি ৬৪ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে; এবং

(১৭) বিধি ৯০ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রেজাউল আহসান
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd